



বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)

৩৯৮, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮, বাংলাদেশ
ই-মেইল: info@bscic.gov.bd. ওয়েবসাইট: www.bscic.gov.bd



স্মারক নং- ৩৬.০২.০০০০.০৩২. ১১. ৩৪০.২০(৩৬-৬)/২২(৭৬)

তারিখ: ০৭ ভাদ্র ১৪২৯
২২ আগস্ট ২০২২

বিষয়: কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগে (সিএমএসএমই) অর্থায়নের বিপরীতে পুনঃঅর্থায়ন
স্কিম প্রবর্তন প্রসঙ্গে

সূত্র: বাংলাদেশ ব্যাংকের এসএমইএসপিডি সার্কুলার নং- ০৪, জুলাই ১৯, ২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ব্যাংকের এসএমইএসপিডি সার্কুলার নং-০৪, জুলাই ১৯, ২০২২ এর সংক্ষিপ্ত নির্দেশনা গত ২০/০৭/২০২২ তারিখে দৈনিক যুগান্তর পত্রিকায় প্রকাশিত হয়। পত্রিকায় প্রকাশিত পেপার কাটিং এর কপি চেয়ারম্যান মহোদয়ের হস্তগত হয়েছে, যা ঋণ প্রশাসন শাখায় প্রেরণ করা হয়েছে।

০২। বাংলাদেশ ব্যাংকের জারিকৃত সার্কুলারের কপি বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে বিতরণ করা হয়েছে। উক্ত সার্কুলারে কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগে (সিএমএসএমই) অর্থায়নের বিপরীতে ২৫,০০০ (পঁচিশ হাজার) কোটি টাকা পুনঃঅর্থায়ন স্কিম গঠন করা হয়। সার্কুলারে উক্ত স্কিমের মোট বিতরণকৃত ঋণের ৭৫% কুটির, মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোক্তাদের মাঝে সামগ্রিকভাবে বিতরণের নির্দেশনা রয়েছে। পুনঃঅর্থায়ন স্কিমের বিষয়টি সিএমএসএমই উদ্যোক্তাদের অবহিত করা প্রয়োজন।

০৩। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংকের উক্ত সার্কুলার “সিএমএসএমই খাতে মেয়াদী ঋণের বিপরীতে পুনঃঅর্থায়ন স্কিম” এর আওতায় ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের মাধ্যমে সিএমএসএমই উদ্যোক্তাদেরকে অপেক্ষাকৃত স্বল্প সুদে/মুনাফায় ও সহজ শর্তে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের বিষয়টি সিএমএসএমই উদ্যোক্তাদের অবহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০৮(আট) পাতা

(জি,এম,রব্বানী তালুকদার)

ব্যবস্থাপক

ঋণ প্রশাসন শাখা

বিসিক, ঢাকা

ফোন: ০২-৪১০২৫১৩০

ই-মেইল: ladbscic2017@gmail.com

বিতরণ: কার্যার্থে

০১। আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক কার্যালয়, বিসিক
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা

০২। বিসিক জেলা কার্যালয় (সকল)
.....

অনুলিপি: জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। অতিরিক্ত সচিব (বিসিক, এসএমই ও বিটাক), শিল্প মন্ত্রণালয়, মতিঝিল, ঢাকা
- ০২। পরিচালক, অর্থ/শিল্প উন্নয়ন ও সম্প্রসারণ/ দক্ষতা ও প্রযুক্তি/পরিকল্পনা ও গবেষণা/প্রকৌশল ও প্রকল্প বাস্তবায়ন/
বিপণন, নকশা ও কারুশিল্প, বিসিক, ঢাকা।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল, ঢাকা
- ০৪। আইসিটি সেল, বিসিক, ঢাকা (ওয়েব সাইটে প্রচারের জন্য)
- ০৫। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিসিক, ঢাকা
- ০৬। অফিস কপি